



## বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সম্মানিত সভাপতি'র মাসিক (এপ্রিল) বিবৃতি



বাংলাদেশ ফুটবল ফেডারেশনের পক্ষ হতে সবাইকে জানাই আন্তরিক শুভেচ্ছা। প্রথমেই ভারতে Covid-19 এর মারাত্মক সংক্রমণে সেখানে অসংখ্য প্রাণহানির ঘটনায় গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন করছি। প্রার্থনা করি এই মহামারীর কারণে সকল প্রকার বিপর্যয় থেকে সবাই দ্রুত আরোগ্য লাভ করুক। আমরা অবশ্যই সামনে থেকে একসঙ্গে এ বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলা করবো।

বাংলাদেশ সরকারের বর্তমান লকডাউন প্রক্রিয়ার মাঝেই আমি এই লেখাটি লিখছি। সবাই নিরাপদে থাকবেন এবং সরকারের দেওয়া বিধি নিষেধ মেনে চলবেন।

করোনা পরিস্থিতির অবনতির কারণে ফুটবলে কিছুটা স্থবিরতা ছিল। তবে বাংলাদেশ ফুটবল ফেডারেশন পুরোপুরি সক্রিয় এবং ফুটবলের উন্নয়নে সার্বক্ষণিক কর্মতৎপরতা প্রদর্শন করে চলছে।

**বায়ুফে এএফসি সি সার্টিফিকেট কোর্স :** বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর টেকনিক্যাল ডিরেক্টর বায়ুফের টেকনিক্যাল বিভাগের সঙ্গে সমন্বয় করতঃ নিবন্ধিত অংশগ্রহণকারীদের নিয়ে অনলাইন প্ল্যাটফর্মে বায়ুফে এএফসি 'সি সার্টিফিকেট কোর্স' এর তিনটি সেশন সম্পন্ন করেছেন। এ নিয়ে সারা দেশে ১০৪টি কোচিং কোর্স আয়োজন করা হয়েছে।

**বঙ্গবন্ধু ৯ম বাংলাদেশ গেমস ফাইনালঃ** সিলেট ফুটবল দলকে পরাজিত করে 'বঙ্গবন্ধু ৯ম বাংলাদেশ গেমস' এর শিরোপা জিতেছে বাংলাদেশ সেনাবাহিনী। কুমিল্লায় ভাষা সৈনিক শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত স্টেডিয়ামে এ ম্যাচটি অনুষ্ঠিত হয়। আমি চ্যাম্পিয়ন দল বাংলাদেশ সেনাবাহিনীকে বায়ুফে'র পক্ষ থেকে অভিনন্দন জ্ঞাপন করছি।

**বাংলাদেশ প্রিমিয়ার লীগ এর ২য় প্লেয়ার রেজিস্ট্রেশন উইন্ডোঃ** মহামারী করোনার কঠিন পরিস্থিতির মাঝেও বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর প্রফেশনাল লীগ কমিটি ও ম্যানেজমেন্ট কমিটি কঠোর পরিশ্রম করেছে। বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১ এর ২য় পর্ব চালু করতে গত ৮ মার্চ ২০২১ তারিখ হতে ১৭ এপ্রিল ২০২১ তারিখ পর্যন্ত ২য় প্লেয়ার রেজিস্ট্রেশন উইন্ডো ছিল। এই প্রতিকূলতার মাঝেও প্লেয়ার রেজিস্ট্রেশন এর কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করায় আমি বায়ুফে'র কম্পিটিশন বিভাগ ও ক্লাবগুলোকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

**এএফসি কনফারেন্সঃ** বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর টেকনিক্যাল বিভাগ এএফসির গ্রাসরুট ফুটবল, ওমেস ফুটবল, এলিট ইয়ুথ এ্যান্ড কোচ এডুকেশন বিষয়ক কনফারেন্স এ অংশগ্রহণ করে। এসব সভায় অংশগ্রহণ করায় এশিয়ার মধ্যে আমাদের গুরুত্ব বৃদ্ধি পেয়েছে। আমরা বুঝতে পারছি আমাদের সহকর্মীরা এশিয়ার মধ্যে অনেক এগিয়ে গেছে।

**ফিফা কনফারেন্স :** বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর টেকনিক্যাল বিভাগ ফিফার টেকনিক্যাল বিভাগ এর সঙ্গেও অনলাইন প্ল্যাটফর্মে টেকনিক্যাল লীডারশীপ ও ম্যানেজমেন্ট বিষয়ক কনফারেন্স এ অংশগ্রহণ করে। আমরা একই সঙ্গে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছি যে, ভবিষ্যতেও এসব সভায় নিয়মিত অংশগ্রহণ করবো যেন ফিফার প্রতিনিধি হিসেবে আমাদের উন্নয়নমূলক কাজ তুলে ধরতে পারি।

**বায়ুফে এএফসি প্রো ডিপ্লোমা কোর্স রেজিস্ট্রেশন :** বাংলাদেশ ফুটবল ফেডারেশন ও সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশন এর প্রেসিডেন্ট হিসেবে আমি অত্যন্ত গর্বিত যে, আমরাই বায়ুফে এএফসি প্রফেশনাল ডিপ্লোমা কোর্স আয়োজন করেছি। আমি এএফসির কাছে অত্যন্ত কৃতজ্ঞ কারণ তারা বায়ুফে'র উপর আস্থা রেখেছে ও ফুটবলের উন্নয়নের অংশ হিসেবে আমাদের ফুটবলের জন্য কাজ করেছে। এ ধরনের উদ্যোগ কেবল বাংলাদেশ নয় এশিয়ার যে কোনো দেশের ফুটবলের গুণগত মান বৃদ্ধিতে সহায়ক। আমরা অব্যাহতভাবে এ কাজ করে যেতে চাই।



ব্যাফুফে রেফারীজ কমিটির ২য় সভা : আমাদের রেফারীজ কমিটি অত্যন্ত কঠোর পরিশ্রম করে যাচ্ছে। তারা সবসময়ই যে কোনো বিষয় নিয়ে আলোচনা করে নেয়। এবার আমরা সিদ্ধান্ত নিয়েছি যে বাংলাদেশ প্রিমিয়ার লীগ থেকে সেরা রেফারীকে পুরস্কৃত করা হবে।

ব্যাফুফে প্রকিউরমেন্ট কমিটির ১ম সভা: ব্যাফুফের বিভিন্ন ক্রয় সংক্রান্ত কার্যক্রমে আরোও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে ৭ সদস্য বিশিষ্ট ব্যাফুফে প্রকিউরমেন্ট কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির প্রথম সভা গত ২২ এপ্রিল ২০২১ তারিখ অনুষ্ঠিত হয়। ব্যাফুফে প্রকিউরমেন্ট কমিটি ভেডর নিবন্ধন প্রক্রিয়া এবং প্রকিউরমেন্ট পলিসি/নীতিমালা প্রণয়নের জন্য কাজ শুরু করেছে।

৩০ এপ্রিল থেকে বাংলাদেশ প্রিমিয়ার লীগ এর ২য় পর্ব শুরু : আমার সহকর্মী ও বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ৩০ এপ্রিল ২০২১ তারিখ হতে বাংলাদেশ প্রিমিয়ার লীগ এর ২য় পর্ব শুরু হয়েছে। করোনা পরিস্থিতির কারণে বাংলাদেশ সরকার প্রদত্ত বিধি নিষেধ মেনে চারটি ভেন্যুতে বাংলাদেশ প্রিমিয়ার লীগ এর ২য় পর্ব আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। তবে লকডাউনের সময়ে শুধুমাত্র বঙ্গবন্ধু জাতীয় ফুটবল স্টেডিয়ামে খেলাসমূহ অনুষ্ঠিত হচ্ছে।

**Covid-19 টিকা:** বাংলাদেশ ফুটবল ফেডারেশন Covid-19 Vaccine এর জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য মন্ত্রণালয়ের কাছে আবেদন করে। এরই পরিপ্রেক্ষিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য মন্ত্রণালয় ৭০০ টিকা ব্যাফুফের জন্য বরাদ্দ করে। ইতিমধ্যে বাংলাদেশ জাতীয় ফুটবল দলের খেলোয়াড়, ব্যাফুফে'র কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং বিপিএল ও বিসিএল ক্লাবের খেলোয়াড়দের টিকা প্রদানের জন্য স্বাস্থ্য অধিদপ্তরে নাম পাঠানো হয়। ইতিমধ্যে বাংলাদেশ জাতীয় ফুটবল দলের কিছু খেলোয়াড় বরাদ্দকৃত টিকা হতে টিকা গ্রহণ করেছে। বর্তমানে টিকার কার্যক্রম সাময়িক স্থগিত থাকলেও কিছুদিনের মধ্যে আবার শুরু হবে বলে স্বাস্থ্য অধিদপ্তর ব্যাফুফে'কে অবহিত করেছে।